গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(আয়কর)**

এসআরও নং ১৭১-আইন/২০০৯, তাং ৩০-০৬-২০০৯ দ্বারা এসআরওটি বিলুপ্ত।

## প্রজ্ঞাপন

তারিখ, ১২ই শ্রাবণ, ১৪০৬ বাং/২৭শে জুলাই, ১৯৯৯ ইং।

*এস,আর,ও নং ২২১-আইন/৯৯।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ১৯শে ভাদ্র, ১৪০৫ বাং/৩রা সেপ্টেম্বর, ১৯৯৮ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৯৯-আইন/৯৮ রহিতক্রমে, বাস, মিনিবাস, কোস্টার, প্রাইমমুভার, ট্রাক ট্যাংক-লরী, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে আয়কর হইতে অব্যাহতি দান করিল, যথা:-

(১) যদি উক্ত করদাতা বাস, মিনিবাস, কোস্টার, প্রাইমমুভার, ট্রাক ট্যাংক-লরী, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সার মালিক হন,

* এসআরও নং ২০২-আইন/২০০০ এবং ২০৪-আইন/আয়কর/২০০৮ দ্বারা এসআরওটি সংশোধিত।

Md Sajid Hossain Shimanto | smartaccountantbd.com

S.R.O. No. 221/1999 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner

তাহা হইলে, দফা (২) এর বিধানাবলী সাপেক্ষে তাহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:

| | প্রদেয় আয়কর |
|---|---|
| (ক) ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য | টাকা ৩,৫০০.০০ |
| (খ) ৫২ বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য | টাকা ২,৮০০.০০ |
| (গ) তাপানুকূল বাস বা দোতালা বাস প্রতিটির জন্য | টাকা ৩,০০০.০০ |
| (ঘ) তাপানুকূল বা তাপানুকূল ছাড়া যে কোন মিনিবাস বা কোস্টার প্রতিটির জন্য | টাকা ১,৮০০.০০ |
| (ঙ) কন্‌টেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য | টাকা ৩,৫০০.০০ |
| (চ) পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য | টাকা ২,৮০০.০০ |
| (ছ) দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য | টাকা ১,৫০০.০০ |
| (জ) দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক, পিকআপ ভ্যান ও সকল ধরনের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য | টাকা ৫০০.০০ |

(২) দফা (১) এর বিধানাবলী সত্ত্বেও, যদি উক্ত করদাতা রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত হইয়াছে এইরূপ বাস, মিনিবাস, কোস্টার, প্রাইমমুভার, ট্রাক ট্যাংক-লরী, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সার মালিক হন, তাহা হইলে, তাহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:

| | প্রদেয় আয়কর |
|---|---|
| (ক) ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য | টাকা ২,০০০.০০ |
| (খ) ৫২ বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য | টাকা ১,৫০০.০০ |
| (গ) তাপানুকূল বাস বা দোতালা বাস প্রতিটির জন্য | টাকা ১,৮০০.০০ |
| (ঘ) তাপানুকূল বা তাপানুকূল ছাড়া যে কোন মিনিবাস বা কোস্টার প্রতিটির জন্য | টাকা ১,০০০.০০ |
| (ঙ) কন্‌টেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য | টাকা ২,৫০০.০০ |
| (চ) পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য | টাকা ২,০০০.০০ |
| (ছ) দেড় টনের বেশী কিন্তু পাঁচটনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য | টাকা ১,০০০.০০ |

Md Sajid Hossain Shimanto | smartaccountantbd.com



Scanned with CamScanner

| | |
|---|---|
| (জ) দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক, পিকআপ ভ্যান ও সকল ধরনের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য | টাকা ৩০০.০০ |

(৩) দফা (১) এ বর্ণিত যানবাহন এ বিনিয়োগকৃত অর্থ এই শর্তে করমুক্ত থাকিবে যে, উক্ত যানবাহনের ক্ষেত্রে উক্ত দফায় নির্ধারিত আয়করের পরিমাণের শতকরা একশত পঁচিশ ভাগ আয়কর উক্ত যানবাহন রেজিস্ট্রেশনের সময় পরিশোধ করিতে হইবে;

(৪) দফা (১), (২), ও (৩) এর অধীন প্রদেয় আয়কর বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংকের যে শাখা এতদুদ্দেশ্যে নির্ধারণ করা হয় সেই শাখায়, কোম্পানী করদাতার ক্ষেত্রে, "১/১১৪১/০০০০/০১০১-আয়কর-কোম্পানীসমূহ" খাতে এবং কোম্পানী ব্যতীত অন্য করদাতার ক্ষেত্রে, "১/১১৪১/০০০০/০১১১-আয়কর-কোম্পানী ব্যতীত" খাতে চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে; অথবা তফসিলভূক্ত যে কোন ব্যাংকের একাউন্ট পেয়ি ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে;

(৫) বাস, মিনিবাস, কোস্টার, প্রাইমমুভার, ট্রাক ট্যাংক-লরী, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সার মালিককে ফিটনেস নবায়নের তারিখ উত্তীর্ণ হইবার পূর্বে দফা (১) ও (২) এ বর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে;

(৬) এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারে নির্দিষ্ট খাতে আয়কর জমা প্রদানের চালান অথবা ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডার উপস্থাপন বা জমা প্রদান না করা পর্যন্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংশ্লিষ্ট যানবাহনের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, ফিটনেস নবায়ন করিবে না।

(৭) এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর বাস, মিনিবাস, কোস্টার, প্রাইমমুভার, ট্রাক ট্যাংক-লরী, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা হইতে অর্জিত আয় তাহার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এইরূপ আয়ের জন্য অতিরিক্ত কর প্রদেয় হইবে না এবং এইরূপ আয়ের পরিমাণ প্রদত্ত আয়করের ক্ষেত্রে প্রযোজ্য মোট আয়ের বেশী হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**মুহাম্মদ আবদুস সাত্তার**
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

*সংশোধনী এস,আর,ও-টি ২৩৪ নং পৃষ্ঠায় দেখুন।*

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner